

মাঝিয়ান পরিদর্শনে নতুন উপাচার্য



পত্রিমা, ১৬ মার্চ : উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের নবনিযুক্ত উপাচার্য ডাঃ স্বরাপকুমার চক্রবর্তী মঙ্গলবার সারাদিন ধরে পত্রিমার মাঝিয়ান ক্যাম্পাস পরিদর্শন করেন। পরিদর্শনকালে উপাচার্য স্বরাপকুমার সস্বে ছিলেন আঞ্চলিক গবেষণা কেন্দ্রের ইনচার্জ ও কৃষি কলেজের অ্যাসোসিয়েট ডিন ডাঃ জ্যোতির্ময় কারকমা, উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের অ্যান্ডমনি ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সম্পাদক ডঃ বাঞ্জা প্রামাণিক, ডেপুটি ডিরেক্টর অফ এক্সটেনশন এডভেঞ্চার ডাঃ সৈকত মুখোপাধ্যায়, কৃষি কলেজের অধ্যাপক ডাঃ শ্যামশ্রী রায় প্রমুখ। মাঝিয়ান ক্যাম্পাস পরিদর্শনকালে নতুন উপাচার্য মাঝিয়ান কৃষি কলেজ, কলেজের আকাডেমিক ভবন, প্রশাসনিক ভবন, মাটি পরীক্ষাগার, বারোজ ও গার্লস হস্টেল, আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্র, কৃষিবিজ্ঞান কেন্দ্র, আঞ্চলিক গবেষণা কেন্দ্র সহ সমস্ত বিষ্ণু ঘুরে দেখেন। কৃষি কলেজের আসবাবপত্রের প্রয়োজনীয়তা, ল্যাবরেটরির পরিকাঠামো, মাঝিয়ানের সীমানা প্রাচীর, রাস্তা সহ অন্য অসমাপ্ত কাজের বিষয়গুলি খতিয়ে দেখেন ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। এছাড়াও গত ১১ মার্চ উত্তরবঙ্গ সংবাদে প্রকাশিত জন্মের পরই মাতৃহারা আদিবাসী শিশুসন্মার দুঃখদুর্দশার খবর পড়ে তার দিকে সাহায্যের হাত বাড়িয়ে দেন কৃষি কলেজ কর্তৃপক্ষ। সেইমতো এদিন পৃথক একটি অনুষ্ঠানে পত্রিমা বর্ষাপাড়ার এই অসহায় শিশুসন্মার পরিবারের হাতে বেশকিছু সাহায্য বিশ্ববিদ্যালয়ের অ্যান্ডমনি ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের তরফে সাহায্য তুলে দেন উপাচার্য। শিশুসন্মার হিসাবে প্যাকেটজাত গুড়ো দুধ, ফিডিং বোতল, এক বস্তা চাল, ১০ কেজি আলু, এক লিটার সর্কের তেল, নগদ ২০০০ টাকা সহ আরও বেশকিছু সামগ্রী পরিবারের সদস্যদের হাতে তুলে দেওয়া হয়। সংগঠনের সম্পাদক বাঞ্জা প্রামাণিক বলেন, 'আগামীদিনে আমরা এমন অসহায় পরিবারের পাশে দাঁড়িয়ে আরও কিছু করতে চাই।'